# আল-মুযযাম্মিল | Al-Muzzammil | ٱلْمُزَّمِّل

আয়াতঃ ৭৩ : ১১

## আরবি মূল আয়াত:

وَ ذَرۡنِیۡ وَ الۡمُکَذِّبِیۡنَ اُولِی النَّعۡمَۃِ وَ مَهِّلۡهُمۡ قَلِیۡلًا ﴿۱۱﴾

## অনুবাদসমূহ:

আর ছেড়ে দাও আমাকে এবং বিলাস সামগ্রীর অধিকারী মিথ্যারোপকারীদেরকে। আর তাদেরকে কিছুকাল অবকাশ দাও। — আল-বায়ান

আর ছেড়ে দাও আমাকে আর নানান বিলাস সামগ্রীর মালিক ঐ মিথ্যুকদেরকে এবং তাদেরকে কিছুটা সময় অবকাশ দাও। — তাইসিরুল

ছেড়ে দাও আমাকে এবং বিলাস সামগ্রীর অধিকারী সত্য প্রত্যাখ্যানকারীদেরকে; আর কিছু কালের জন্য তাদেরকে অবকাশ দাও। — মুজিবুর রহমান

And leave Me with [the matter of] the deniers, those of ease [in life], and allow them respite a little. — Sahih International

১১. আর ছেড়ে দিন আমাকে ও মিথ্যারোপকারীদেরকে(১); এবং কিছু কালের জন্য তাদেরকে অবকাশ দিন,

(১) এতে কাফেরদেরকে (أُولِي النَّعْمَةِ) বলা হয়েছে। نَعْمَةশব্দের অর্থ ভোগ-বিলাস, ধনসম্পদ ও সন্তান-সন্ততির প্রাচুর্য। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১১) ছেড়ে দাও আমাকে এবং বিলাস সামগ্রীর অধিকারী মিথ্যাজ্ঞানকারীদেরকে; আর কিছুকালের জন্য তাদেরকে অবকাশ দাও।

-

তাফসীরে আহসানুল বায়ান